

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিস্ট বোরাক টাওয়ার (লেভেল ৪)  
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd

**অনলাইনে আবেদনকারী শিক্ষক প্রার্থীদের জ্ঞাতব্য কতিপয় বিষয়**

- এনটিআরসিএ কর্তৃক শিক্ষক নিয়োগের লক্ষ্যে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনডেস্ট্রিমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় সাধারণ শিক্ষা ধারার ৬০৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদরাসা) ভোকেশনাল কোর্স চালুর লক্ষ্যে অনলাইনে নিয়োগযোগ্য ১০ টি ট্রেডের সর্বমোট ১,১৯৯টি শিক্ষক পদ পূরণের জন্য সেসিপ থেকে চাহিদা পাওয়া যায়-যার বিস্তারিত তালিকা <http://ngi.teletalk.com.bd> এবং [www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd) এ বিজ্ঞপ্তি (e-Advertisement) আকারে প্রকাশ করা হয়েছে।
- উল্লিখিত ১০টি ট্রেডে ইন্সট্রাক্টর পদে নিবন্ধনকারী আগ্রহী ব্যক্তিবর্গ (০১/০১/২০২০ তারিখে যাদের বয়স ৩৫ বছর বা তার কম এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (সংশোধিত) এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা রয়েছে) তীরা সকলেই ওয়েবসাইটে প্রকাশিত তালিকার সংশ্লিষ্ট পদসমূহের জন্য এনটিআরসিএ'র নিকট অনলাইনে আবেদন করতে পারবেন। ই-আবেদন ফরম পূরণের সময় নামের বানানসহ অন্যান্য তথ্যাদি নিবন্ধন পরীক্ষার ফরম পূরণের সময় প্রদত্ত তথ্যের অনুরূপ হতে হবে। নামের বানান ভুল করে দিলে কম্পিউটার প্রসেসিং এ বিভ্রাট ঘটবে যার দায় NTRCA নিবে না।
- নিয়োগ আবেদন (e-Application) ফরমটি খুব সতর্কতার সাথে পূরণ করার জন্য অনুরোধ করা হলো। কারণ ফরম পূরণ শেষে একবার Submit করা হয়ে গেলে তা আর কোনভাবেই সংশোধন যোগ্য নয়।
- কেউ কোন ভুল/মিথ্যা তথ্য প্রদান করেছেন প্রমাণিত হলে তাঁর আবেদনটি কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হবে। ইচ্ছাকৃতভাবে মিথ্যা তথ্য প্রদান করা হলে তাঁর বিরুদ্ধে প্রয়োজনে ফৌজদারী ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেয়া হবে।
- যিনি যে যে বিষয়ে এনটিআরসিএ'র নিবন্ধন সনদধারী তিনি e-Advertisement এ প্রদর্শিত তার সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহের বিপরীতে তালিকায় বর্ণিত সকল প্রতিষ্ঠানের সকল পদে আবেদন করতে পারবেন। তবে এক ব্যক্তি একাধিক প্রতিষ্ঠানের একাধিক পদে আবেদন করলে পছন্দের ক্রম উল্লেখ করে দিতে হবে। তার পছন্দ ও মেধাক্রম অনুসারে মাত্র একটি পদের বিপরীতে তাকে নিয়োগের জন্য সুপারিশ করা হবে।
- প্রতিটি পদের জন্য প্রাপ্ত সকল বৈধ আবেদনকারী অনলাইনে সফলভাবে আবেদন পেশ করার পরে এনটিআরসিএ'র পক্ষ হতে একটি এসএমএস পাবেন। এছাড়া আবেদনকারীকে পেশকৃত আবেদনের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক আবেদনের জন্য নির্ধারিত (১৮০.০০ টাকা) হারে ফি জমা না দিলে আবেদন বৈধ বলে গণ্য হবে না।
- প্রাপ্ত আবেদনসমূহ সরকারি বিধি-বিধান অনুযায়ী সম্মিলিত জাতীয় মেধাতালিকা হতে মেধার ভিত্তিতে চূড়ান্তভাবে বাছাই করে নিয়োগের জন্য সংশ্লিষ্ট SMC/MMC/GB বরাবরে প্রেরণ করা হবে এবং নির্বাচিত প্রার্থীকে SMS এর মাধ্যমে অবহিত করা হবে।
- জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (সংশোধিত) অনুযায়ী ইনডেস্ট্রিমেন্ট শিক্ষকদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য বিধায় বর্তমানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ইনডেস্ট্রিমেন্ট যে সকল নিবন্ধন সনদধারী পদে কর্মরত আছেন তীরাও অনলাইনে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন। তবে তাঁদের নিয়োগের আবেদনসমূহ অন্যান্য প্রার্থীদের ন্যায় জাতীয় মেধাতালিকার ভিত্তিতে বাছাইপূর্বক নিষ্পত্তি করা হবে।
- কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।
- উল্লেখ্য, যে সকল প্রার্থী ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হবে তারা ফলাফল প্রকাশিত হওয়ার সাথে সাথে এনটিআরসিএ'র কার্যালয় হতে সনদ সংগ্রহ করে উপরে বর্ণিত পদ সমূহে আবেদন করতে পারবেন।
- প্রার্থিত ১০টি ট্রেড ইন্সট্রাক্টর পদের শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপঃ

পদের নাম	বিষয়	শিক্ষাগত যোগ্যতা
ট্রেড ইন্সট্রাক্টর	১. ফুড প্রসেসিং এন্ড প্রিজার্ভেশন ২. সিভিল কনস্ট্রাকশন ৩. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ৪. জেনারেল ইলেকট্রনিক্স ওয়ার্কস / জেনারেল ইলেকট্রনিক্স ৫. ডেস মেকিং ৬. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি ৭. জেনারেল মেকানিক্স ৮. রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ৯. প্লাস্টিং এন্ড পাইপ ফিটিং ১০. ওয়েল্ডিং এন্ড ফ্রেব্রিকেশন	কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ন্যূনতম ২য় বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন/ ডিপ্লোমা-ইন ভোকেশনাল এডুকেশন/ কৃষি ডিপ্লোমা (তিন অথবা চার বছর মেয়াদী)। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।

সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)  
এনটিআরসিএ, ঢাকা।